# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো সৎ কাজে সচেষ্ট না হয়ে সমকালীন সৎ ব্যক্তিদের উপর ভরসা করার অভ্যাস পরিত্যাগ করা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ تَرْكِ الِاتِّكَالِ عَلَى الصَّالِحِينَ فِي زَمَانِهِ دُونَ السَّعْيِ فِيمَا يَكِدُّونَ فِيهِ مِنَ الطَّاعَاتِ

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ أَنَّ زَيْنَبَ بِنْتَ أَبِي سَلَمَةَ أَخْبَرَتْهُ أَنَّ أُمَّ حَبِيبَةَ بِنْتَ أَبِي سُفْيَانَ أَخْبَرَتْهَا أَنَّ زَيْنَبَ بِنْتَ جَحْشٍ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: (خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَزِعاً مُحمَراً وَجْهُهُ يَقُولُ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَيْلٌ لِلْعَرَبِ مِنْ شَرٍّ قَدِ اقْتَرَبَ فُتح الْيَوْمَ مِنْ رَدْمِ يَأْجُوجَ وَمَأْجُوجَ مِثْلُ هَذِهِ) وحلّق بِأَصْبُعِهِ الْإِبْهَامِ وَالَّتِي تَلِيهَا قَالَتْ: فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَنَهْلِكُ وَفِينَا الصَّالِحُونَ؟ قَالَ: (نعم إِذا كَثُرَ الخبث.)
الراوي : أُمّ حَبِيبَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 327 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩২৭. উম্মু হাবীবা বিনতু আবি সুফিয়ান রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রী যাইনাব বিনতু জাহশ বলেছেন: “একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রক্তিম চেহারা নিয়ে ভীত-সন্ত্রস্ত্র অবস্থায় আসলেন, তিনি বলছিলেন: “লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বুদ নেই।) আরবদের জন্য দুর্ভোগ! এক মহা বিপদ সন্নিকটে! আজ ইয়াজুজ-মাজুজের দেওয়ালের এতটুকু খুলে দেওয়া হয়েছে!” এই বলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বৃদ্ধাঙ্গুলি ও তার পরের অঙ্গুলি অর্থাৎ তর্জনি বৃত্তাকার করেন। যাইনাব রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা কি ধ্বংস হয়ে

যাবো, অথচ আমাদের মাঝে অনেক সৎ ব্যক্তি আছেন?” জবাবে তিনি বলেন: “হ্যাঁ, যখন মন্দ লোকের সংখ্যা বেড়ে যাবে।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৮৮০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৭৪৯; সহীহ আল বুখারী: ৩৩৪৬; মুসনাদ আহমাদ: ৬/৪২৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪২০১; মুসান্নাফ ইবনু আবী শাইবাহ: ১৯০৬১; ইবনু মাজাহ: ৩৯৫৩; তিরমিযী: ২১৮৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৯৮৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু হাবীবা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88626

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন